

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫১৫

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (کتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ৩৩. কুরআন খতম করা সম্পর্কে

باب فِي خَتْم الْقُرْآنِ

## আরবী

حَدَّثَنَا إِسْحَقُ بْنُ عِيسَى عَنْ صَالِحٍ الْمُرِّيِّ عَنْ قَتَادَةً عَنْ زُرَارَةَ بْنِ أَوْفَى أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئِلَ أَيُّ الْعَمَلِ أَفْضَلُ قَالَ الْحَالُّ الْمُرْتَحِلُ قِيلَ وَمَا الْحَالُّ الْمُرْتَحِلُ قَالَ طَلَّ الْمُرْتَحِلُ قَالَ صَاحِبُ الْقُرْآنِ يَضْرِبُ مِنْ أَوَّلِ الْقُرْآنِ إِلَى آخِرِهِ وَمِنْ آخِرِهِ إِلَى أُوَّلِهِ كُلَّمَا حَلَّ ارْتَحَلَ صَاحِبُ الْقُرْآنِ يَضْرِبُ مِنْ أَوَّلِ الْقُرْآنِ إِلَى آخِرِهِ وَمِنْ آخِرِهِ إِلَى أُوَّلِهِ كُلَّمَا حَلَّ ارْتَحَلَ

## বাংলা

৩৫১৫. যুরারাহ ইবনু আওফা (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞাসা করা হল, আল্লাহ'র নিকট সবচেয়ে প্রিয় আমল কোনটি? তিনি বললেন: "'আলহাল্লুল মুরতাহিলু।' (যে ব্যক্তি গন্তেব্যে এসেই আবার রওনা হয়ে যায়।)" তাঁকে জিজ্ঞেস করা হলো, 'আলহাল্লুল মুরতাহিলু' আবার কী? 'কুরআনের সাথী যে কুরআনের শুরু থেকেপড়ে খতম করে, আবার শেষ করেই শুরু থেকে পাঠ আরম্ভ করে। যখনই (শেষে) আগমণ করে, তখনই সে আবার রওনা হয়ে যায়।"[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদে দু'টি ত্রুটি বিদ্যমান। ১. মুরসাল বর্ণনা ২. সালিহ ইবনু বাশীর আল মুররীর দুর্বলতা।

তাখরীজ: তিরমিযী, কিরাআত নং ২৯৪৯; আব্দুর রহমান ইবনু আহমাদ আর রাযী, ফাযাইলুল কুরআন নং ৭৯; তাবারাণী, কাবীর ১২/১৬৮ নং ১২৭৮৩; আবূ নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ২/২৬০, ৬/১৭৪; হাকিম নং ২০৮৮, ২২৮৯; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২০৬৯; ইবনু কাছীর, ফাযাইলুল কুরআন পৃ. নং ২৮৭; যাহাবী, মু'জামুশ শুযূখ ২/২৯১ সনদ যয়ীফ।

আর এর শাহিদ হাদীস রয়েছে আবী হুরাইরা হতে হাকিম নং ২০৯০ তে এর সনদও যয়ীফ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ যুরারা ইবন আওফা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন